

জুলাইয়ের প্রথম সপ্তাহে এসএসসির ফল প্রকাশ ॥ অংকে গ্রেস দেয়া হবে

রেজানুর রহমান ॥ ঢাকা বোর্ডের এসএসসি অংক পরীক্ষার ক্ষেত্রে গ্রেস প্রদানের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দুই পদ্ধতিতে এই গ্রেস প্রদান করা হবে। ৫০ নম্বর পর্যন্ত যারা অর্জন করেছেন তারা পাবেন এক ধরনের গ্রেস নম্বর। ৫০-এর উপরে নম্বর প্রাপ্তরা পাবেন আলাদা গ্রেস নম্বর। বিভিন্ন বোর্ডের অংক পরীক্ষার ফলাফল পর্যবেক্ষণ করে ঢাকা বোর্ডের কর্মকর্তারা একাধিক বৈঠক করার পর এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ২/১ দিনের মধ্যে এ ব্যাপারে আনুষ্ঠানিক ঘোষণা প্রদান করা হবে।

ঢাকা বোর্ডের এসএসসি অংক পরীক্ষার প্রশ্নপত্র সরগকালের মত কঠিন হওয়ায় মেধাবী ছাত্র-ছাত্রীদের অনেকেই আশানুরূপ পরীক্ষা দিতে পারেনি। ঢাকার নামকরা অনেক কুলের ছাত্র-ছাত্রী অংকের প্রশ্নপত্র হাতে পেয়ে কান্না জুড়ে দিয়েছিল। কোন কোন পরীক্ষা কেন্দ্রে ছাত্র-ছাত্রী অজ্ঞান হয়ে যাওয়ার সংবাদও পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। বোর্ডের চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাদের অনেকেই অংকের প্রশ্নপত্র কঠিন হওয়ার অভিযোগ স্বীকার করেছেন। শিক্ষাপ্রতিমন্ত্রী (২য় পৃষ্ঠায় ৫-এর কঃ প্রঃ)

অংকে গ্রেস দেয়া হবে

(প্রথম পৃঃ পর)

আ.ন.ম এছানুল হক মিলন এ ব্যাপারে তদন্ত করারও নির্দেশ দিয়েছিলেন।

অংক পরীক্ষার জটিলতা নিরসনে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হওয়ায় এসএসসি পরীক্ষার ফল প্রকাশের ব্যাপারে ব্যাপক তোড়জোড় শুরু হয়েছে। একটি সূত্র জানায়, আগামী মাসের প্রথম সপ্তাহেই এসএসসির ফল প্রকাশিত হবে।